



৫৩ সর্বস্বত্ব

ই-মেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-১)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০২৬.১৭/১৫/১৯

তারিখঃ ১৮ আশ্বিন, ১৪২৫
০৩ অক্টোবর, ২০১৮

বিষয়ঃ নিরীক্ষাসহ সকল কার্যক্রমে ই-নথি সিস্টেমের মাধ্যমে জারিকৃত পত্রের গ্রহণযোগ্যতা।


- সূত্রঃ ১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৩৬.৩৯.০০২.১৭.১০২, তারিখঃ ০৩/০৯/২০১৮ খ্রিঃ।
২। মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.৬৯, তারিখঃ ১৭/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রূপকল্প ২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে সকল সরকারি অফিসে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করা হচ্ছে। ই-নথি বাস্তবায়নকারী দপ্তরসমূহ যে কোন স্থান থেকে নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান করতে সক্ষম হচ্ছে যা সর্বমহলে বহল প্রশংসিত হচ্ছে।

০২। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(খ) ও (গ)-এ সংশ্লিষ্ট অফিসসমূহে পত্র যোগাযোগসহ 'ইলেক্ট্রনিক নোটিং, ফাইলিং ও ইলেক্ট্রনিক স্বাক্ষর ব্যবহারের মাধ্যমে সকল অফিসে পর্যায়ক্রমে ইলেক্ট্রনিক অফিস পদ্ধতি চালু করতে হবে' মর্মে নির্দেশনা রয়েছে। এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন-২০০৬ দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ে ইলেক্ট্রনিক স্বাক্ষর, ইলেক্ট্রনিক রেকর্ড, ইলেক্ট্রনিক রেকর্ডের স্বীকৃতি, প্রাপ্তি স্বীকার ও প্রেরণের বিষয়ে আইনগত বাধ্যবাধকতার বিষয়টি উল্লেখ রয়েছে। অধিকন্তু, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৩ জুলাই ২০১৭ তারিখে জারিকৃত ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮ সংখ্যক স্মারক পত্রে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র গ্রহণ ও পত্র জারির নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, ই-নথি সিস্টেমের মাধ্যমে জারিকৃত পত্রসমূহ নিরীক্ষাসহ সকল দাপ্তরিক কাজে গ্রহণযোগ্য মর্মে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।


(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৮৩১৮১২০-২৬(এক্স-৩৭১)

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
- ২। কমিশনার, কাস্টম হাউস (সকল)।
- ৩। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৪। মহাপরিচালক, শুল্ক রেয়ার প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (মুসক), ঢাকা।
- ৭। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
- ৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, (সকল)।
- ৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ১০। কমিশনার, কর কমিশনারের কার্যালয় (সকল)।
- ১১। কমিশনার, কেন্দ্রীয় কর জরিপ অঞ্চল, ঢাকা।
- ১৩। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।
- ১৪। কমিশনার, কর আপীল অঞ্চল (সকল)।
- ১৫। প্রেসিডেন্ট, কর আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০২৬.১৭

তারিখঃ ১৮ আশ্বিন, ১৪২৫
০৩ অক্টোবর, ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)

